

## জাপানে ফের ২ উড়োজাহাজের মুখোমুখি ধাক্কা

- A Monitor Desk Report

Date: 17 January, 2024



**টোকিও:** জাপানে একটি রানওয়েতে দু'টি উড়োজাহাজের সংঘর্ষ হয়েছে, কয়েক সপ্তাহের মধ্যে দেশটিতে এটি দ্বিতীয় বিমানবন্দর দুর্ঘটনা।

জাপানের নিউ চিতোস বিমানবন্দরে ক্যাথে প্যাসিফিক এয়ারলাইন্সের দাঁড়িয়ে থাকা একটি উড়োজাহাজে ধাক্কা দিয়েছে কোরিয়ান এয়ারলাইন্সের একটি উড়োজাহাজ। সংবাদ মাধ্যম জানায়, মঙ্গলবার (১৬ জানুয়ারি) এ ঘটনা ঘটে।

মাত্র দুই সপ্তাহ আগে টোকিওর হানেদা বিমানবন্দরে জাপান এয়ারলাইন্স ও কোস্টগার্ডের একটি উড়োজাহাজের মধ্যে ভয়াবহ সংঘর্ষ হয়। এতে জাপান এয়ারলাইন্সের উড়োজাহাজটি ভস্মীভূত হয়ে যায়। এছাড়া কোস্টগার্ডের উড়োজাহাজের সব ক্রুও নিহত হন। ওই ঘটনার রেশ কাটতে না কাটতেই আবারও জাপানে দুই উড়োজাহাজের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটলো। তবে এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

ক্যাথে প্যাসিফিক এয়ারলাইন্স এ ব্যাপারে এক বিবৃতিতে বলেছে, ‘নিউ চিতোস বিমানবন্দরে আমাদের উড়োজাহাজটি পার্ক করা অবস্থায় (দাঁড়িয়ে) ছিল। ওই সময় আমাদের উড়োজাহাজে কোনো যাত্রী বা ক্রু ছিল না। ওই সময় উড্ডয়নের জন্য প্রস্তুতি নেওয়া কোরিয়ান এয়ারলাইন্সের এ৩৩০ উড়োজাহাজ আমাদের উড়োজাহাজকে ধাক্কা দেয়।’

যেটি নিউ চিতোস বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, স্থানীয় সময় বিকেল সাড়ে ৫টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনা নিশ্চিত করে একটি বিবৃতি দিয়েছে কোরিয়ান এয়ারলাইন্সও। প্রতিষ্ঠানটি জানিয়েছে, নিউ চিতোস বিমানবন্দরে পুশব্যাকের সময় কোরিয়ান এয়ারলাইন্সের একটি উড়োজাহাজ ক্যাথে এয়ারলাইন্সের উড়োজাহাজে ধাক্কা দেয়। ভারী তুষারপাতের কারণে এ দুর্ঘটনা ঘটে বলে জানায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এ ঘটনায় ক্যাথে প্যাসিফিকের একটি ফ্লাইট বাতিল করা হয়েছে।

